ঢাকা ওয়াসা

বিষয়ঃ জরুরী ভিত্তিতে ৫০ (পঞ্চাশ) রিম A4 80 GSM কাগজ ক্রয়ের জন্য "মুদ্রণ ও মনোহারী" খাত হতে অস্থায়ী অগ্রীম হিসাবে ২১,৫০০/- (একুশ হাজার পাঁচশত) টাকা অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-৭ ঢাকা ওয়াসার সবচেয়ে বেশী গ্রাহক সম্পন্ন বিশাল এলাকায় যেখানে প্রায় ৫৪০০০ (চুয়ান্ন হাজার) গ্রাহক রয়েছে। অনুন্নত এলাকার নিম্ন আয় সম্পন্ন গ্রাহক সেবা নিশ্চিত করণের মাধ্যমে রাজস্ব আদায় একটি চ্যালেঞ্জিং কাজ। দৈনন্দিন অফিসিয়াল কার্যক্রম ছাড়াও রাজস্ব আদায়ে একাউন্ট-স্ট্যাটমেন্ট, বকেয়া-স্ট্যাটমেন্ট, কনসোলেটেড বিল প্রিন্ট এবং গ্রাহক সার্টিফিকেট প্রিন্টিং ছাড়াও জরুরী ডকুমেন্টস্ সমূহ ফটোকপির কাজে প্রচুর পরিমান প্রিন্টিং কাগজ (A4) প্রয়োজন হয়ে থাকে। প্রতি বছরের মত চলতি অর্থ বছরের শেষ সময়ে বকেয়া রাজস্ব আদায়ের লক্ষ্যে গ্রাহকে বকেয়া নোটিশ প্রদান করা অতি জরুরী। সাধারণত ঢাকা ওয়াসা কমন সার্ভিস বর্ণিত কাগজের যোগান দিয়ে থাকে। বর্তমানে কমন সার্ভিস বর্ণিত কাগজের মজুদ নেই এবং কাগজ ক্রয়ের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কাগজ পেতে কিছু দিন সময় লাগবে বলে কমন সার্ভিসের পক্ষ হতে জানানো হয়। এহেন পরিস্থিতিতে বছরের শেষ সময়ে রাজস্ব আদায়সহ গুরুত্ব পূর্ণ অফিসিয়াল কার্যক্রম সচল রাখার নিমিত্ত জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় প্রিন্টিং কাগজ (A4) নিজ উদ্যোগে ক্রয়ের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তা মহোদয় জোনাল প্রধানগণকে পরামর্শ প্রদান করেন। বাজারে খোঁজ নিয়ে জানা যায় প্রতি রিম A4 80 GSM কাগজের মূল্য ৪৩০/- (চারশত ত্রিশ) টাকা হারে এক বক্স (৫ রিম) কাগজের মূল্য ৪৩০/-x ৫=২,১৫০/- (দুই হাজার একশত পঞ্চাশ) টাকা। উক্ত হিসাব মতে রাজস্ব জোন-৭ এর জন্য জরুরী ভিত্তিতে ১০ বক্স (৫০রিম) প্রিন্টিং কাগজ (A4 80 GSM) ক্রয়ের জন্য ৪৩০/-x ৫ x ১০=২১,৫০০/-(একুশ হাজার পাঁচশত) টাকার আর্থিক বরাদ্দ প্রয়োজন। উক্ত খরচের বরাদ্দ **"মুদ্রণ ও মনোহারী"** খাত হতে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৭, ঢাকা ওয়াসা এর অনুকূলে অস্থায়ী অগ্রীম অনুমোদন দেয়া যেতে পারে।

২। এমতাবস্থায়, রাজস্ব জোন-৭ এর রাজস্ব আদায়সহ গুরুত্ব পূর্ণ অফিসিয়াল কার্যক্রম সচল রাখার নিমিত্ত জরুরী ভিত্তিতে ১০ বক্স (৫০রিম) প্রিন্টিং কাগজ (A4 80 GSM) ক্রয়ের জন্য **"মুদ্রণ ও মনোহারী"** খাত হতে ৪৩০/-x ৫ x ১০=২১,৫০০/-(একুশ হাজার পাঁচশত) টাকা উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৭, ঢাকা ওয়াসা এর অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসাবে অনুমোদন দেয়া যেতে পারে। যা বর্ণিত কার্য সম্পাদনের পর প্রকৃত খরচের বিল ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

16.06.2025
প্রকৌঃ মোহাম্মদ জাকির হোসেন প্রধানীয়া
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৭
ঢাকা ওয়াসা

মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

ড. মুহাঃ মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি)
ও
প্রতিকল্প কর্মকর্তা
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা।

WASA

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

উপ-প্রধান রাজস্ব কর্মকর্তার কার্যালয়
রাজস্ব জোন-৭, ঢাকা ওয়াসা
১০৭/১/এ/১/এ,উত্তর যাত্রাবাড়ী,ঢাকা।
ঢাকা ওয়াসা লিংক নং-১৬১৬২

দৈনন্দিন অফিসিয়াল কার্যক্রম ছাড়াও রাজস্ব আদায়ে একাউন্ট-স্ট্যাটমেন্ট, বকেয়া-স্ট্যাটমেন্ট/নোটিশ, কনসোলেটেড বিল প্রিন্ট এবং গ্রাহক সার্টিফিকেট প্রিন্টিং ছাড়াও জরুরী ডকুমেন্টস্ সমূহ ফটোকপির কাজে প্রচুর পরিমান প্রিন্টিং কাগজ (A4) প্রয়োজন হয়ে থাকে। অর্থ বছরের শেষ সময়ে ঢাকা ওয়াসা কমন সার্ভিসে বর্ণিত কাগজের মজুদ নেই বলে রাজস্ব আদায়ে ন্যাতিবাচক প্রভাব প্রতিহত করার লক্ষ্যে প্রধান রাজস্ব কর্মকর্তা মহোদয় জোনাল প্রধানগণকে নিজ উদ্যোগে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পরিমান প্রিন্টিং কাগজ (A4) ক্রয়ের পরামর্শ প্রদান করেন। বাজার দর যাচাই করে জানা যায় প্রতি রিম A4 80 GSM কাগজের মূল্য ৪৩০/- (চারশত ত্রিশ) টাকা।

উক্ত হিসাব মতে রাজস্ব জোন-৭ এর জন্য জরুরী ভিত্তিতে ৫০ (পঁঞ্চাশ) রিম প্রিন্টিং কাগজ (A4 80 GSM) ক্রয়ের সম্ভাব্য খরচের প্রাক্কলন নিম্নরূপঃ

ক্রমিক নং	মালামালের বিবরন	প্রতি রিমের মূল্য (টাকা)	মালামালের পরিমান (রিম)	ব্যয়িত মোট খরচ (টাকা)
১।	A4 80 GSM কাগজের	৪৩০/-	৫০	২১,৫০০/-
			মোট খরচ=	২১,৫০০/-

কথায়ঃ একুশ হাজার পাঁচশত টাকা মাত্র

16.06.2025

মোহাম্মদ জাকির হোসেন প্রধানীয়া
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন -৭, ঢাকা ওয়াসা
মোবাঃ ০১৫৫০০৭৮৬০৭